
হরমুজ প্রণালীর বিকল্প পথে পাইপলাইন সম্প্রসারণ আমিরাতের



আরব আমিরাতের পাইপলাইন। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালির ওপর নির্ভরতা কমাতে ২০২৭ সালের মধ্যে নতুন একটি তেল পাইপলাইন চালুর পরিকল্পনা নিয়েছে সংযুক্ত আরব আমিরাত। আন্তর্জাতিক গণমাধ্যমের খবরে বলা হয়েছে, নতুন এই অবকাঠামো চালু হলে দেশটি বিকল্প রুট ব্যবহার করে তেল রপ্তানির সক্ষমতা উল্লেখযোগ্যভাবে বাড়াতে পারবে।

শুক্রবার (১৫ মে) রাষ্ট্রীয় জ্বালানি প্রতিষ্ঠান অ্যাডনক জানায়, ওমান উপসাগরসংলগ্ন ফুজাইরাহ বন্দরের দিকে নতুন পাইপলাইন নির্মাণকাজ দ্রুত এগোচ্ছে। আবুধাবির ক্রাউন প্রিন্স শেখ খালেদ বিন মোহাম্মদ বিন জায়েদের উপস্থিতিতে প্রকল্পটির ঘোষণা দেওয়া হয় এবং এর কাজ ইতোমধ্যে শুরু হয়েছে।

বর্তমানে হাবশান-ফুজাইরাহ পাইপলাইনের মাধ্যমে প্রতিদিন প্রায় ১৮ লাখ ব্যারেল তেল পরিবহন করা সম্ভব হচ্ছে। নতুন পাইপলাইন যুক্ত হলে হরমুজ প্রণালি ব্যবহার ছাড়াই রপ্তানি সক্ষমতা প্রায় দ্বিগুণ হবে বলে জানিয়েছে আমিরাত।

ইরানকে ঘিরে আঞ্চলিক উত্তেজনা শুরুর আগে আমিরাত প্রতিদিন প্রায় ৩৪ লাখ ব্যারেল তেল রপ্তানি করত। তবে হরমুজ প্রণালিতে অস্থিরতা তৈরি হওয়ার পর দেশটির রপ্তানি বড় ধরনের ধাক্কা খায়। নতুন প্রকল্প চালু হলে সেই সক্ষমতার বড় অংশ পুনরুদ্ধার সম্ভব হবে বলে আশা করছে আবুধাবি। একই সঙ্গে ২০২৭ সালের মধ্যে দৈনিক ৫০ লাখ ব্যারেল তেল রপ্তানির লক্ষ্যও নির্ধারণ করেছে দেশটি।

সম্প্রতি সৌদি নেতৃত্বাধীন ওপেক জোট থেকে বেরিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে আমিরাত। দেশটির দাবি, এতে উৎপাদন ও রপ্তানি নীতিতে তারা আরও স্বাধীনভাবে সিদ্ধান্ত নিতে পারবে। তবে বিশ্লেষকদের মতে, ইরানের নিকটবর্তী অবস্থানের কারণে আমিরাতের জ্বালানি স্থাপনাগুলো এখনো ঝুঁকির মধ্যে রয়েছে। একই সময়ে হরমুজের বিকল্প রুট জোরদারে সৌদি আরবও ইয়ানবু বন্দরমুখী ইস্ট-ওয়েস্ট পাইপলাইন ব্যবস্থার সম্প্রসারণে কাজ করছে।